

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
সঞ্চয় শাখা  
www.ird.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.১

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সরকার, পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯ এর বিধি-৩ এ 'সঞ্চয়পত্র ক্রেতার যোগ্যতা' বিষয়ে যাহা কিছুই বলা থাকুক না কেন, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবারের পুরুষ সদস্য, যাহাদের সরকার সহায়তা বাবদ 'পরিবার সঞ্চয়পত্র' প্রদান করিতে চায়, শহীদ পরিবারের উক্ত সদস্যদের নামে 'পরিবার সঞ্চয়পত্র' ক্রেতার ক্ষেত্রে '৬৫ ও তদুর্ধ্ব বয়স' এর বিদ্যমান শর্ত এতদ্বারা প্রত্যাহার করিল।

০২। একইসাথে, আয়কর আইন, ২০২৩ এর ধারা-২৬৪ এ সঞ্চয়পত্র ক্রেতার জন্য 'আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকের বাধ্যবাধকতা' বিষয়ে যাহা কিছুই বলা থাকুক না কেন, জাতীয় পরিচয়পত্র থাকিলে, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবারের সদস্য, যাহাদের সরকার সহায়তা বাবদ যে পরিমাণ অর্থের 'পরিবার সঞ্চয়পত্র' প্রদান করিতে চায়, তাহাদের জন্য সেই পরিমাণ অর্থের সঞ্চয়পত্র ক্রেতার ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণকের বাধ্যবাধকতার বিদ্যমান শর্ত এতদ্বারা প্রত্যাহার করিল।

০৩। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



০৬-০১-২০২৫

মকিমা বেগম

উপসচিব

mokima.begum@ird.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.১/১ (১৬)

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
- ২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।

৯। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

১০। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১১। পরিচালক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

১২। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।

১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

১৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

১৬। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



*(Signature)*

০৬-০১-২০২৫

মকিমা বেগম

উপসচিব